

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-১০

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.০০০.৪১৫.২৬.০০০৪.২৬

নথির বিষয়ঃ বিষয়ঃ মডস জোন-১০ এর আওতাধীন মধ্য কাফরুল আইসক্রিম ফ্যাক্টরী পানির পাম্পের দক্ষিন পার্শ্বে ২০০ মিঃমিঃ ব্যাস গেইট ভালভ স্থাপন প্রসঙ্গে।

নোটঃ ১ নোটের বিষয়ঃ মডস জোন-১০ এর আওতাধীন মধ্য কাফরুল আইসক্রিম ফ্যাক্টরী পানির পাম্পের দক্ষিন পার্শ্বে ২০০ মিঃমিঃ ব্যাস গেইট ভালভ স্থাপন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৫/৯/২৬ ৪:২৮ অপরাহ্ন

সদয় হয়ে সংযুক্তি-১ হতে ৪ দেখা যেতে পারে। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন দক্ষিন কাফরুল, আইসক্রিম ফ্যাক্টরী, শিমুলতলা, বাতানবাড়ী, মৌলভীপাড়া এবং দক্ষিন ইব্রাহিমপুর এলাকা নিয়ে ডিএমএ-১০০৫ বাস্তবায়ন করা হয়েছে। বাস্তবায়িত বর্ণিত ডিএমএ টিতে ০৪(চার) টি পানির পাম্প রয়েছে। যার ০৩(তিন)টি কম্পাউন্ডেই প্রতিস্থাপন কুপ খনন করার জায়গা নেই। অন্যদিকে বিদ্যমান গভীর নলকূপ সমূহের উৎপাদন প্রতিনিয়ত কমে যাচ্ছে। ফলে কাফরুল এলাকায় পানি ব্যবস্থাপনা দুরূহ হয়ে দাঁড়িয়েছে। মধ্য কাফরুল আইসক্রিম ফ্যাক্টরী পানির পাম্পের উৎপাদন ৮০০লিঃ/মিঃ এ নেমে আসায় পাম্পের উত্তর এবং দক্ষিন পার্শ্বের হোল্ডিং সমূহে চাহিদানুযায়ী পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে না। বর্ণিত এলাকার সম্মানিত গ্রাহকগণ পানির সমস্যা সমাধানের জন্য রেশনিং করে পানি সরবরাহের স্বার্থে দক্ষিন কাফরুল আইসক্রিম ফ্যাক্টরী পানির পাম্পের দক্ষিন পার্শ্বে নকশায় চিহ্নিত স্থানে ২০০মিঃমিঃ ব্যাস গেইট ভালভ স্থাপনের জন্য প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর আবেদন করেন (সংযুক্তি-১)। এলাকাটি সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, পানির পাম্পের উৎপাদন কমে যাওয়ায় পানির পাম্পের দুই দিকের গলির শেষ প্রান্তের বাড়ী সমূহে পর্যাপ্ত পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে না। আইসক্রিম ফ্যাক্টরী পানির পাম্পের উত্তর পার্শ্বে গেইট ভালভ স্থাপন করা আছে। তবে দক্ষিন পার্শ্বে গেইট ভালভ না থাকায় রেশনিং করে পানি সরবরাহ করা যাচ্ছে না। সুষ্ঠু পানি সরবরাহের স্বার্থে নকশায় চিহ্নিত স্থানে ০১(এক)টি ২০০মিঃমিঃ ব্যাস গেইট ভালভ স্থাপন করা প্রয়োজন (সংযুক্তি-২)। বিভাগীয় ভান্ডার হতে ২০০মিঃমিঃ ব্যাস গেইট সরবরাহ করে সংশ্লিষ্ট অন্যান্য মালামাল ও শ্রমিক ঠিকাদার কর্তৃক সরবরাহ ধরে একটি প্রাক্কলন প্রস্তুত করা হলো। প্রাক্কলণে সর্বমোট ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে টাঃ ৪৮,৪৩১.৪০ (আটচল্লিশ হাজার চারশত একত্রিশ দশমিক চার শূন্য) টাকা মাত্র (সংযুক্তি-৪ এ প্রাক্কলণ)। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৬-২৭ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তি-৩)।

সংযুক্তিসমূহ (৪):

১। এলাকাবাসী হতে প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রাপ্ত আবেদন পত্র।pdf


২। ডিএমএ-১০০৫ নকশা.pdf

৩। ২০২৬-২৭ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।pdf

৪। প্রাক্কলন।pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৫/৯/২৬ ৪:৩৪ অপরাহ্ন



এমতাবস্থায়, “মডস জোন-১০ এর আওতাধীন মধ্য কাফরুল আইসক্রিম ফ্যাক্টরী পানির পাম্পের দক্ষিন পার্শ্বে ২০০মিঃমিঃ ব্যাস গেইট ভালভ স্থাপন” শীর্ষক কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯/১ (ড) বিধি অনুযায়ী দূরদেশ কনস্ট্রাকশন এর অনুকূলে সরাসরি চুক্তি সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত টাঃ ৪৮,৪৩১.৪০ (আটচল্লিশ হাজার চারশত একত্রিশ দশমিক চার শূন্য) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেওয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

			
১৫/৯/২৬ ৪:৩৭ অপরাহ্ন মোঃ রাশেদ হোসেন উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০	১৫/৯/২৬ ৪:৫৬ অপরাহ্ন মানিক চন্দ্র মহানায়ক সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-১০	১৬/৯/২৬ ৬:০০ অপরাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	১৭/৯/২৬ ১০:২৬ পূর্বাহ্ন মোঃ শাহ আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-২

১৭/৯/২৬ ১০:২৬ পূর্বাহ্ন
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলীর দপ্তর

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২২/৯/২৬ ১০:০৫ পূর্বাহ্ন

অনুমোদন করা হলো।

			
২২/৯/২৬ ১০:০৫ পূর্বাহ্ন আলমগীর হাছিন আহমেদ প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলীর দপ্তর	২৭/৯/২৬ ১২:৪৭ অপরাহ্ন মোঃ শাহ আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-২	২৭/৯/২৬ ৩:২৩ অপরাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	২৮/৯/২৬ ১১:২২ পূর্বাহ্ন মানিক চন্দ্র মহানায়ক সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-১০